

## অন্য ইচছায়

একটা পাখিরও থাকে এক গাছ থেকে অন্য গাছে  
এক ডাল থেকে অন্য ডালে  
এক ঝুতু থেকে অন্য ঝুতুর সম্বিতে  
বাসা বানাবার ইচছা থাকে  
চোখ খুলে প্রত্যেক সকালে রঙ-মাখা বিভিন্ন ইচ্ছার  
ওড়াউড়ি দেখা---  
একটা নৌকোরও ইচছা হয়  
এক নদী থেকে অন্য নদী  
এক জল থেকে অন্য জল  
এক ঘোত থেকে অন্য ঘোতে  
একটু ভেসে যাওয়া ---  
এবার আমার যদি ইচ্ছে হয় -- একটা দিনের কাছ থেকে  
অন্য এক সম্পর্কের দিনে চলে যেতে  
একটা রাতের কাছ থেকে -- অন্য এক রাত্রির সংসর্গে  
চলে যেতে  
এক দেহগন্ধথেকে অন্য এক রমণীর শরীরের ঘামে আর ঘাগে  
মিশে যেতে  
তাহলে আমি কি কোনো দণ্ডবিধিমতে অপরাধী।

রঞ্জের হাজরা

